# আল-মুনাফিকূন | Al-Munafiqun | ٱلْمُنَافِقُون

আয়াতঃ ৬৩ : ২

## আরবি মূল আয়াত:

اِتَّخَذُوا اَيمَانَهُم جُنَّةً فَصَدُّوا عَن سَبِيلِ اللّٰهِ ؕ اِنَّهُم سَآءَ مَا كَانُوا يَعمَلُونَ ﴿۲﴾

## অনুবাদসমূহ:

তারা নিজদের শপথকে ঢাল হিসেবে ব্যবহার করে। অতঃপর তারা আল্লাহর পথ থেকে বিরত রাখে। তারা যা করছে, নিশ্চয় তা কতইনা মন্দ! — আল-বায়ান

তারা তাদের শপথগুলোকে ঢাল হিসেবে ব্যবহার করে আর এ উপায়ে তারা মানুষকে আল্লাহর পথ থেকে নিবৃত্ত করে। তারা যা করে তা কতই না মন্দ! — তাইসিরুল

তারা তাদের শপথগুলিকে ঢাল রূপে ব্যবহার করে, আর তারা আল্লাহর পথ হতে মানুষকে নিবৃত্ত করে। তারা যা করছে তা কত মন্দ! — মুজিবুর রহমান

They have taken their oaths as a cover, so they averted [people] from the way of Allah. Indeed, it was evil that they were doing. — Sahih International

২. তারা তাদের শপথগুলোকে ঢালরূপে ব্যবহার করে, ফলে তারা আল্লাহর পথ থেকে মানুষকে নিবৃত্ত করে। তারা যা করে, নিশ্চয় তা কতই না মন্দ!

-

তাফসীরে জাকারিয়া

(২) তারা তাদের শপথগুলোকে ঢালরূপে ব্যবহার করে, [1] আর তারা আল্লাহর পথ হতে মানুষকে বিরত রাখে।[2] তারা যা করছে তা কত মন্দ!

[1] অর্থাৎ, তারা যে কসম খেয়ে বলে, তারা তোমাদের মতই মুসলিম এবং মুহাম্মাদ (সাঃ) আল্লাহর রসূল। আসলে তারা তাদের এই কসমকে নিজেদের ঢাল বানিয়ে রেখেছে। এর মাধ্যমে তারা তোমাদের হাত থেকে বেঁচে যায় এবং কাফেরদের মত তারা তোমাদের তরবারির আওতায় পড়ে না।

[2] এর দ্বিতীয় অর্থ হল, তারা সন্দেহ ও সংশয় সৃষ্টি করে মানুষকে আল্লাহর পথে বাধা দেয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5190

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন